07

তারিখ 11 FEB 1992
পৃষ্ঠা 7 কলাম 5

# শান্তিপূর্ণভাবে পরীক্ষ অনুষ্ঠিত হইয়াছে

শিক্ষাম

ইত্তেফাক রিপোর্ট ॥ শিক্ষ মন্ত্রী ব্যারিষ্টার জমির উদ্দিন সরব সব পরীক্ষা কেন্দ্রে গতকাল (সো

( ১১শ পৃঃ ৪-এর কঃ দ্রঃ )

গুলশান থানা সূত্রে জানা গেল

## শিক্ষামন্ত্রী

( ১ম পৃঃ পর )

বার) ডিগ্রী পরীক্ষা শান্তিপূর্ণ পরিবেশে সুষ্ঠুভাবে সম্পন্ন হইয়াছে উল্লেখ করিয়া বলিয়াছেন, বেসরকারী শিক্ষকরা ডিগ্রী পরীক্ষার খাতা না দেখিলে সরকারী কলেজের শিক্ষকরা দেখিবেন। তিনি বলেন, ধর্মঘটী অনেক শিক্ষক গতকাল পরীক্ষা গ্রহণ করিয়াছেন। এ সম্পর্কে তিনি ঢাকা সিটি কলেজ ও তেজগাঁ কলেজ পরিদর্শনের কথা উল্লেখ করিয়া বলেন, এসব কলেজের শিক্ষকরা যথারীতি পরীক্ষা গ্রহণ করিয়াছেন। ইহাছাড়াও চট্টগ্রাম, বরিশাল, ভোলায় ধর্মঘটী বেসরকারী শিক্ষকরা পরীক্ষা গ্রহণ করিয়াছেন।

গতকাল সন্ধ্যায় শিক্ষা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে এক সাংবাদিক সম্মেলনের প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী উল্লেখিত জবাব দেন। অপর এক প্রশ্নের জবাবে মন্ত্রী জানান, ধর্মঘটী শিক্ষকদের সহিত তাহার দুই দিন আলোচনা হইয়াছে। অর্থমন্ত্রী সময় দিলে আবার আলোচনা হইবে। তবে টাকা-পয়সার ব্যাপারে হুট করিয়া কোন সিদ্ধান্ত গ্রহণ সম্ভব নহে। সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়কে বসিয়া সিদ্ধান্ত লইতে হইবে। সার্ভিস রুলসহ ৪টি দাবী এই মুহূর্তেই মানিয়া লইয়া সম্ভব বলিয়া জানাইয়া তিনি আবার বলেন, আলোচনার দ্বার খোলা আছে। শিক্ষকরা যে কোন সময় আসিয়া আলোচনা করিতে পারেন। অপর এক প্রশ্নের জবাবে মন্ত্রী জানান, সরকারী কলেজ শিক্ষকদের সরকার কোন হুমকি দেয় নাই—তাহারা নিজ নিজ ইচ্ছায়ই পরীক্ষা গ্রহণ করিতেছে।

ইহার আগে শিক্ষামন্ত্রী এক লিখিত বক্তব্যে সকল কেন্দ্রে শান্তিপূর্ণ ও সুষ্ঠুভাবে পরীক্ষা অনুষ্ঠানে সহযোগিতা করার জন্য ছাত্রসমাজ, অভিভাবক, সরকারী-বেসরকারী শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীদের ধন্যবাদ জানাইয়া বলেন, বেসরকারী শিক্ষকদের দাবী-দাওয়া সম্পর্কে সরকার মোটেই উদাসীন নহেন। তাহাদের ন্যায্য দাবী-দাওয়া সরকারের সক্রিয় বিবেচনাধীন আছে। আলোচনার মাধ্যমেই দাবী নিষ্পত্তি হইবে।